দৈনিক সংবাদ

তারিখ ...2.6 JAN 1995 ... ..
পৃষ্ঠা ৪ কলাম ৫

10

## প্রসঙ্গ : শিক্ষাবৃত্তি

সংস্থাপন মন্ত্রণালয়ের অধীনস্থ সরকারি কর্মচারী কল্যাণ পরিদপ্তর কর্তৃক সরকারি ননগেজেটেড কর্মচারীদের সন্তানদের প্রতিবছর শিক্ষাবৃত্তি প্রদান করা হয়। কেবল প্রাথমিক শিক্ষা ব্যতীত সকল পাঠ্যক্রমের জন্য এ শিক্ষাবৃত্তি প্রযোজ্য। আমি মাধ্যমিক পর্যায়ে থেকে কলেজ পর্যায় পর্যন্ত নিয়মিত এ বৃত্তি পেয়ে আসছি। বিশ্ববিদ্যালয়ের প্রথম বর্ষেও বৃত্তি পেয়েছি। কিন্তু দ্বিতীয় বর্ষে আবেদন করে বৃত্তি থেকে বঞ্চিত হই। যেহেতু কোন কারণ না দর্শিয়েই যে কোন আবেদনপত্র অগ্রাহ্য করার ক্ষমতা কেন্দ্রীয় শিক্ষাবৃত্তি কমিটির রয়েছে (যদিও স্বৈরা-চারী সিস্টেম) সেহেতু বৃত্তি না পেয়েও কোন অভিযোগ পাঠাইনি। তৃতীয় বর্ষেও যথারীতি আবেদন করি; কিন্তু এবারও বৃত্তি পাইনি। বর্তমানে আমি চূড়ান্ত বর্ষে। ইতিমধ্যেই বৃত্তির আবেদনের জন্য বিজ্ঞপ্তি দেয়া হয়েছে। আবেদনপত্রে শিক্ষার্থীর শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক কোন রকম শিক্ষা সাহায্য না পাওয়ার প্রত্যয়নপত্র থাকা সত্ত্বেও আমাদের বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষার্থীই মাসিক দু'শত টাকা হারে সাধারণ বৃত্তি পেয়ে থাকে। যদি এই কারণেই আমি কর্মচারী কল্যাণ পরিদপ্তরের বৃত্তি থেকে বঞ্চিত হই তবে আমার আরেক বন্ধু একই শিক্ষা প্রতিষ্ঠানে থেকে কিভাবে এ বৃত্তি পেয়ে থাকে? তাছাড়া প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরাও বিশ্ববিদ্যালয় থেকে সাধারণ বৃত্তি পায়। অথচ এই বিশ্ববিদ্যালয়েরই কয়েকজন শিক্ষার্থী (আমার বন্ধু) নিয়মিত কর্মচারী কল্যাণ পরিদপ্তরের শিক্ষাবৃত্তি পাচ্ছে। ন্যূনতম যোগ্যতাসম্পন্ন প্রায় সকল আবেদনকারীই এ বৃত্তি পেয়ে থাকেন। অথচ বিশ্ববিদ্যালয়ে অধ্যয়ন করা সত্ত্বেও আমাকে এ বৃত্তি থেকে সম্পূর্ণরূপে বঞ্চিত করা হচ্ছে যা নিতান্তই অন্যায় এবং অমানবিক। -

এ ব্যাপারে সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের সুদৃষ্টি আকর্ষণ করছি।

গোলাম মোস্তফা
৩২৪/ডি, শহীদ নাজমুল আহসান হল
কৃষিবিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ-২২০২।